



আইজিপি বাহারুল আলম অপসারণের জন্য সরকারকে লিগ্যাল নোটিশ



সংগৃহীত ছবি

বিডিআর হত্যাকাণ্ডের তদন্তে দায়ীদের তালিকায় বর্তমান আইজিপি বাহারুল আলমের নাম অন্তর্ভুক্ত হওয়ায় তাকে পদ থেকে সরানোর জন্য সরকারকে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। এই নোটিশ সুপ্রিম কোর্টের তিনজন আইনজীবী বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, জনপ্রশাসন সচিব ও আইন সচিবের কাছে পাঠিয়েছেন। নোটিশে বলা হয়েছে, প্রাপ্তির ২৪ ঘণ্টার মধ্যে আইজিপিকে অপসারণ করতে হবে, না হলে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

নোটিশ প্রেরণকারীরা হলেন: অ্যাডভোকেট মো. আব্দুস সামাদ, অ্যাডভোকেট শাহিন হোসেন ও অ্যাডভোকেট মো. আতিকুর রহমান।

উল্লেখ্য, জাতীয় স্বাধীন তদন্ত কমিশনের প্রতিবেদনে বলা হয়েছে, বিডিআর হত্যাকাণ্ডের তদন্তে দায়িত্ব পালনে ব্যর্থতার কারণে বর্তমান আইজিপি বাহারুল আলমসহ ৫ পুলিশ কর্মকর্তার নাম চিহ্নিত হয়েছে। স্পর্শকাতর এই প্রতিবেদনের প্রকাশের পর থেকে প্রশাসনের ভেতরে নানা আলোচনা ও সমালোচনা শুরু হয়েছে।

LENS ASIA